



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 2nd Semester Examination, 2022

BNGACOR04T-BENGALI (CC4)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ৩০০ শব্দ) ১০×৪ = ৪০

একক-১

১। বাংলা গদ্যসাহিত্যে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। প্রসঙ্গত তাঁকে শিল্পসম্মত বাংলা গদ্যরীতির জনক আখ্যা দেওয়ার যৌক্তিকতা বিচার করো। ৭+৩= ১০

অথবা

বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো। ১০

একক-২

২। বাংলা নাট্যসাহিত্যের ধারায় মাইকেল মধুসূদন দত্তের অভিনবত্বের পরিচয় দাও। ১০

অথবা

গণনাট্য আন্দোলনের ধারায় বিজন ভট্টাচার্যের অবস্থান নির্ণয় করো। ১০

একক-৩

৩। বাংলা কাব্যে যুগসন্ধির কবি কে ? কেন তাঁকে যুগসন্ধির কবি বলা হয় ? তাঁর কাব্যসাধনা আলোচনা করো। ১+৩+৬= ১০

অথবা

কবি কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিসত্তার পরিচয় দাও। ১০

একক-৪

৪। বাংলা উপন্যাস সাহিত্যের ইতিহাসে শরৎচন্দ্রের অবস্থান নির্ণয় করো। ১০

অথবা

বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করো। ১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০
- (ক) 'বঙ্গদর্শন' পত্রিকার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) 'রক্তকরবী' নাটকটি কার লেখা ? সংক্ষেপে এর বিষয়বস্তু উল্লেখ করো। ১+৪= ৫
- (গ) 'রূপসী বাংলা' কাব্যটি কার লেখা ? কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪= ৫
- (ঘ) আঞ্চলিক উপন্যাস হিসেবে 'হাঁসুলী বাঁকের উপকথা'-র সার্থকতা বিচার করো।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examination, 2022

BNGACOR03T-BENGALI (CC3)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

একক-১

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করে এই ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮= ১০

অথবা

(খ) প্রাচীন বাংলার নিদর্শনসহ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮= ১০

একক-২

(গ) ভাষা ও উপভাষার মধ্যে সম্পর্ক নির্ণয় করো। রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৪+৬= ১০

অথবা

(ঘ) ঝাড়খণ্ডী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+৮= ১০

একক-৩

(ঙ) বাংলা স্বরধ্বনিগুলির বর্ণীকরণ করো। ১০

অথবা

(চ) ধ্বনি পরিবর্তনের ধারাগুলি উল্লেখ করো। যে-কোনো একটি ধারার বিস্তৃত আলোচনা করো।

একক-৪

(ছ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উল্লেখ করো।

অথবা

(জ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক শব্দগুলি উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো।

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০
- (ক) মধ্যভারতীয় আর্যভাষার বিভিন্ন স্তরের কালসীমা ও নিদর্শনগুলির পরিচয় দাও। ৫
- (খ) কামরূপী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ উল্লেখ করো। ৫
- (গ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো দুটি) ২.৫×২ = ৫
বিপর্যাস, সমাক্ষরলোপ, নাসিক্যীভবন, বিষমীভবন।
- (ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো দুটি) ২.৫×২ = ৫
জোড়কলম শব্দ, সাদৃশ্য, আগন্তুক শব্দ, অর্থসংক্রম।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—